গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম

এবং

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

# সূচিপত্র


| | |
|---|---|
| কাস্টমস অনুবিভাগ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ৬ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৭-৮ |
| প্রতিশ্রুতি ও স্বাক্ষর | ৯ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১১ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১২ |
| সংযোজনী ৫: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |
| সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |
| সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |
| সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |
| সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |

# কাস্টমস অনুবিভাগ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহে (তিন বছর) প্রধান অর্জনসমূহঃ**

২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে আদায়কৃত রাজস্বের পরিমাণ যথাক্রমে ৬০,৬০০.৭০ ও ৭৭,১৫০, ৮৫,০০০ (আনুমানিক) কোটি টাকা। দেশে ৬টি কাস্টম হাউসে কাস্টমস বিভাগের কার্যক্রম পরিচালনার জন্য ASYCUDA World সফটওয়্যার চালু। ASYCUDA World এর সাথে বাংলাদেশ ব্যাংকের এলসি মডিউলের সংযোগ স্থাপন। ফলে এলসি জালিয়াতি রোধ এবং আমদানিয় পণ্যের যথাযথ মূল্যায়ন হয়েছে। ASYCUDA World এবং Automation সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রমের ক্ষেত্রে গতিশীলতা আনয়নের জন্য ২৮টি Standard Operating Procedure (SOP) মডিউল প্রণয়ন করা হয়েছে। আমদানি-রপ্তানি বাণিজ্য সংশ্লিষ্ট সকল সরকারি, আধাসরকারি এবং বেসরকারি সংস্থাকে একটি Virtual Electronic Platform এ আনয়নের লক্ষ্যে National Single Window (NSW) বাস্তবায়নের কার্যক্রম হিসেবে ইতোধ্যে ৩৭টি প্রতিষ্ঠানের সাথে MoU স্বাক্ষরিত হয়েছে। দেশের ৬টি কাস্টম হাউসে সর্বমোট ১১টি কন্টেইনার স্ক্যানার, ১৫টি ব্যাগেজ স্ক্যানার ও ১৭টি শরীর স্ক্যানারের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। কাস্টমস সংক্রান্ত জিজ্ঞাসার জবাব প্রদানের জন্য National Enquiry Point (NEP) চালু করা হয়েছে। WTO-Trade Facilitation Agreement (TFA) এর আওতায় একটি সমৃদ্ধ কাস্টমস ওয়েবসাইট চালু করা হয়েছে। হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দর, ঢাকা এবং হযরত শাহ্ আমানত আর্ন্তজাতিক বিমানবন্দর, চট্টগ্রামে আগমন (Arrival) যাত্রীসেবায় গ্রিনচ্যানেল ও রেড চ্যানেল সম্পূর্ণরূপে চালু করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে স্বাভাবিক আমদানি-রপ্তানি কার্যক্রম ব্যাহত হওয়া। সঠিক এইচ.এস.কোডে শুল্কায়ন, উচ্চ লক্ষ্যমাত্রার রাজস্ব আহরণ, ফাঁকি রোধ, বকেয়া আদায়, রীট মামলা ব্যবস্থাপনা। কাস্টমস ব্যবস্থাপনা আধুনিকায়নের জন্য গৃহীত কার্যক্রমের ধীরগতি, জনবলের স্বল্পতা, প্রশিক্ষিত জনবলের অপ্রতুলতা, ভৌত অবকাঠামো ও যানবাহন স্বল্পতা।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

আগামী ২০২৫ সালের মধ্যে প্রশাসনিক সংস্কারের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি যথা: জনবল বৃদ্ধি, শুল্ক স্টেশনসহ কাস্টম হাউসের আধুনিকায়ন। রাজস্ব পরিশোধে ই-পেমেন্ট পদ্ধতি ব্যবহারে করদাতাদের উদ্বুদ্ধকরণ এবং পেপারলেস শুল্কায়ন ব্যবস্থার প্রচলন। কাস্টমস আধুনিকায়ন সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম যেমন: National Single Window (NSW), Advance Passenger Information (API), Pre-arrival processing (PAP), Central Risk Management System, Post Clearance Audit (PCA) ইত্যাদি বাস্তবায়ন। সকল বন্দরকে শতভাগ স্ক্যানিং এর আওতায়ভুক্তকরণ। উচ্চ আদালতের বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তি ও মামলা সংশ্লিষ্ট রাজস্ব আদায়, বিকল্প বিরোধ নিষ্পত্তির ADR ব্যবস্থা জোরদার করার পদক্ষেপ গ্রহণ। জাতীয় রাজস্ব বৃদ্ধির জন্য তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, কর ফাঁকি রোধ এবং রাজস্ব শিক্ষা সংক্রান্ত বিজ্ঞাপন প্রচার ও কাস্টমস ডিউটি প্রদান পদ্ধতি সহজীকরণ;

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন;
- কাস্টমস সংশ্লিষ্ট সেবা সহজীকরণ ও ASYCUDA World কে শক্তিশালীকরণের মাধ্যমে গণমুখীকরণ;
- ই-পেমেন্ট পদ্ধতিতে রাজস্ব আদায় কার্যক্রম সম্প্রসারণ;
- নতুন কাস্টমস আইন পাস এবং কার্যকরকরণ;
- ২০২২-২৩ অর্থবছরের আমদানি-রপ্তানি ভিত্তিক পণ্যচালানসমূহ স্ক্যানিং কার্যক্রম দ্রুততর করার জন্য কন্টেইনার স্ক্যানার ক্রয়করণ।

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১-এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম

এবং

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ডের এর মধ্যে ২০২২ সালের জুন...... মাসের ..২৮.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন ১

## রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

**১.১ রূপকল্প:**

আন্তর্জাতিক উত্তমচর্চা ভিত্তিক আধুনিক কাস্টমস প্রশাসন

**১.২ অভিলক্ষ্য:**

আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণপূর্বক ন্যায়ভিত্তিক, আধুনিক প্রযুক্তিনির্ভর, অংশ গ্রহণমূলক ও জনবান্ধব কাস্টমস প্রশাসন গড়ার মাধ্যমে যথাযথ রাজস্ব আহরণ

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:**

১. রাজস্ব আহরণ জোরদারকরণ

২. কাস্টমস প্রশাসনের আধুনিকায়ন এবং করদাতা বান্ধবকরণ

**১.৪ প্রধান কার্যাবলি:**

১. কাস্টমস ডিউটি ও অন্যান্য ডিউটি আরোপ, আহরণ এবং এতদসংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন-হালনাগাদকরণ;

২. আমদানি ও রপ্তানি কাস্টমস আহরণে নিয়োজিত দপ্তরসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ;

৩. বাজেটের রাজস্ব আহরণ সংক্রান্ত লক্ষ্যমাত্রা প্রণয়ন;

৪. আন্তর্জাতিক সংস্থা ও দেশসমূহের সাথে কাস্টমস সংক্রান্ত চুক্তি ও সাধারণ সহযোগিতা চুক্তি সম্পাদন;

৫. কাস্টমস ব্যবস্থাপনা সহজীকরণ ও আধুনিকায়নের মাধ্যমে স্বেচ্ছা প্রতিপালন বৃদ্ধি করে রাজস্ব আহরণ বৃদ্ধি;

৬. ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি;

৭. সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা কার্যকর করা।

# সেকশন-২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন* | | লক্ষমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২০২৫ সালের মধ্যে কর জিডিপির অনুপাত বৃদ্ধি | কর জিডিপির অনুপাত বৃদ্ধি | শতকরা হার | ১০.২ | | ৯.২৭ | ৯.৭৫ | ৯.০০ | অ্যাটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, হিসাব মহা নিয়ন্ত্রকের দপ্তর | জিডিপি ও জাতীয় রাজস্ব বোর্ডের নীতি বিবৃতি ২০২১-২২ থেকে ২০২২-২০২৩ |

## সেকশন-৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২২* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. রাজস্ব আহরণ জোরদারকরণ | ৫০ | [১.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন। | আদায়কৃত কাস্টমস ডিউটি | শতকরা হার | ৩০.০০ | ৮০১.২৯ | ৯২৮.৮৭ | ৯৫০ | ৮৫৫ | ৭৬০ | ৬৬৫ | ৫৭০ | ১১৪০ | ১৩৬৮ |
| | | [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | ২.০০ | ২০-০৭-২০২১ | ২০-০৭-২০২২ | ২০-০৭-২০২৩ | ৩০-০৭-২০২৩ | ১৫-০৮-২০২৩ | ২১-০৮-২০২৩ | ৩১-০৮-২০২৩ | ২০-০৭-২০২৪ | ২০-০৭-২০২৫ |
| | | [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | দাখিলকৃত প্রতিবেদন | সংখ্যা | ৪.০০ | ৪০ | ৪৫ | ২৫ | ২২ | ১৯ | ১৬ | ১৩ | ৩০ | ৩৬ |
| | | [১.৪] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | দায়েরকৃত মামলা: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ৪১ | ৬৮ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৮০ | ৮৫ |
| | | [১.৫] মামলা থেকে রাজস্ব আদায় | আদায়কৃত শুল্ক-কর | কোটি টাকা | ২.০০ | ৪ | ৪.৬২ | ২০ | ১৭ | ১৪ | ১১ | ৯ | ২২ | ২৫ |
| | | [১.৬] বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিস্পত্তিকরণ। | মামলা নিস্পত্তি: কাস্টমস | সংখ্যা | ৩.০০ | ৫১ | ৯৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬৫ | ৭০ |
| | | [১.৭] অবিতর্কিত বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ। | আদায়কৃত বকেয়া: আদায়কৃত শুল্ক-কর | কোটি টাকা | ২.০০ | ১.৮৫ | ৫.২৫ | ১২ | ১০ | ৮ | ৬ | ৪ | ১৪ | ১৬ |
| | | [১.৮] পোস্ট ক্লিয়ারেন্স অডিট (কাস্টমস) | অডিটকৃত মামলার সংখ্যা | সংখ্যা | ৫.০০ | ১৪ | ৪৩ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬৫ | ৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২২* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ২. কাস্টমস প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ | ২০ | [২.১] মুজিববর্ষ উপলক্ষ্যে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের সম্প্রসারণ ও কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণ | [২.১.১] বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের অধিদপ্তর (সিসিআইএন্ডই), বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা), বিস্ফোরক অধিদপ্তর এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক) এর টার্মিনাল অপারেটিং সিস্টেম বা টিওএস এর সাথে আন্ত:সংযোগ স্থাপন এবং সেবাগ্রহীতাদের বিল অব এন্ট্রি এর স্ট্যাটাস সম্পর্কে তাৎক্ষণিকভাবে অবহিতকরণের জন্য SMS প্রদান এবং ASYCUDA এর নিরাপত্তা বলয় সুদৃঢ় করার জন্য OTP (One Time Password) ব্যবস্থা চালু | সংখ্যা | ৩.০০ | ১ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | [২.২] সেবা সহজীকরণ | [২.২.১] Simplified electronic bill of entry form for courier consignment | সংখ্যা | ৩.০০ | ২ | ২ | ২ | ১ | ১ | ০ | ০ | ২ | ২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২২* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | and expedite shipment & e-EGM (Export General Manifest) | | | | | | | | | | | |
| | | [২.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | সেবা গ্রহণকারীর সংখ্যা: কাস্টমস | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ০.২০ | ০.৭৫ | ০.৫৫ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | ০.৬০ | ০.৬৫ |
| | | [২.৪] ই-পেমেন্ট পদ্ধতি | রাজস্ব আদায়ঃ কাস্টমস ডিউটি | কোটি টাকা | ৪.০০ | - | ৯২০.২৭ | - | - | - | - | - | - | - |
| | | [২.৫] করদাতাগণকে প্রচলিত আইনে- - তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথস্ক্রিয়া/ যোগাযোগ স্থাপন। | অনুষ্ঠিত সভা/ যোগাযোগ/ অনলাইন প্রশিক্ষণ: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ৬ | ১২ | ১৫ | ১৩ | ১১ | ৯ | ৭ | ১৮ | ২০ |
| | | [২.৬] প্রশিক্ষণ ও লার্নিং সেশন পরিচালনার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন | লার্নিং সেশন | সভা | ২.০০ | - | ৪ | ৭ | ৫ | ৩ | ২ | ১ | ৯ | ১২ |
| | | [২.৭] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান (দেশে-বিদেশে); | প্রশিক্ষণ প্রদান: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ৬০ | ৭২ | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ৮০ | ১৪০ | ১৫০ |

আমি, (**এপিএ প্রস্তুতকারী অফিসের অফিস প্রধানের পদবী ও অফিসের নাম**), হিসাবে সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড হিসাবে (**এপিএ প্রস্তুতকারী অফিসের অফিস প্রধানের পদবী ও অফিসের নাম**) এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

28 JUN 2022

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম

তারিখ

28 JUN 2022

সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

তারিখ

## সংযোজনী-১

### শব্দ সংক্ষেপ

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | ই-ফাইলিং | ইলেকট্রনিক ফাইলিং |
| ২. | e-Payment | Electronic Payment |
| ৩. | ASYCUDA | Automated System for Custom Data |
| ৪. | NEP | National Enquiry Point |
| ৫. | এ্যাসাইকুডা | অটোমেটেড সিস্টেম ফর কাস্টমস  ডাটা |
| ৬. | এনএসডব্লিও | ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো |

## সংযোজনী-২ কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী ইউনিট | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | [১.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন | আদায়কৃত কাস্টমস ডিউটি | জাতীয় রাজস্ব বোর্ড | রাজস্ব আদায় বিবরণী |
| ২. | [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | বার্ষিক সমন্বয় সাধন | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ৩. | [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | দাখিলকৃত প্রতিবেদন | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ৪. | [১.৪] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | দায়েরকৃত মামলা: কাস্টমস | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ৫. | [১.৫] মামলা থেকে রাজস্ব আদায় | আদায়কৃত কাস্টমস-কর | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ৬. | [১.৬] বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | মামলা নিষ্পত্তি: কাস্টমস | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ৭. | [১.৭] অবিতর্কিত বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ। | আদায়কৃত বকেয়া: আদায়কৃত শুল্ক-কর | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ৮. | [১.৮] পোস্ট ক্লিয়ারেন্স অডিট (কাস্টমস) | অডিটকৃত মামলার সংখ্যা | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ৯. | [২.১] মুজিববর্ষ উপলক্ষ্যে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের সম্প্রসারণ ও কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণ | বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের অধিদপ্তর (সিসিআইএন্ডই), বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা), বিস্ফোরক অধিদপ্তর এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক) এর টার্মিনাল অপারেটিং সিস্টেম বা টিওএস এর সাথে আন্ত:সংযোগ স্থাপন এবং সেবাগ্রহীতাদের বিল অব এন্ট্রি এর স্ট্যাটাস সম্পর্কে তাৎক্ষণিকভাবে অবহিতকরণের জন্য SMS প্রদান এবং ASYCUDA এর নিরাপত্তা বলয় সুদৃঢ় করার জন্য OTP (One Time Password) ব্যবস্থা চালু | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ১০. | [২.২] সেবা সহজীকরণ | Simplified electronic bill of entry form for courier consignment and expedite shipment & e-EGM (Export General Manifest) | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ১১. | [২.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | সেবা গ্রহণকারীর সংখ্যা: কাস্টমস | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ১২. | [২.৪] ই-পেমেন্ট পদ্ধতি | রাজস্ব আদায়ঃ কাস্টমস ডিউটি | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ১৩. | [২.৫] করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথষ্ক্রিয়া/ যোগাযোগ স্থাপন। | অনুষ্ঠিত সভা/ যোগাযোগ/ অনলাইন প্রশিক্ষণ: কাস্টমস | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ১৪. | [২.৬] প্রশিক্ষণ ও লার্নিং সেশন পরিচালনার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন | লার্নিং সেশন | ঐ | প্রতিবেদন/বিবরণী |
| ১৫. | [২.৭] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান (দেশে-বিদেশে); | প্রশিক্ষণ প্রদান: কাস্টমস | ঐ | প্রতিবেদন/বিবরণী |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| [১.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন | আদায়কৃত কাস্টমস ডিউটি | জাতীয় রাজস্ব বোর্ডের গবেষণা ও পরিসংখ্যা শাখা | পত্র যোগাযোগ |
| [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | বার্ষিক সমন্বয় সাধন | কাস্টমস সিস্টেম (এ্যাসাইকুডা ও জাতীয় রাজস্ব বোর্ডের গবেষণা ও পরিসংখ্যা শাখা | ঐ |
| [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | দাখিলকৃত প্রতিবেদন | মাঠ পর্যায়ের দপ্তর | পত্র যোগাযোগ/ই-মেইল |
| [১.৪] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | দায়েরকৃত মামলা: কাস্টমস | ঐ | ঐ |
| [১.৫] মামলা থেকে রাজস্ব আদায় | আদায়কৃত কাস্টমস-কর | ঐ | ঐ |
| [১.৬] বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | মামলা নিষ্পত্তি: কাস্টমস | ঐ | ঐ |
| [১.৭] অবিতর্কিত বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ। | আদায়কৃত বকেয়া: আদায়কৃত শুল্ক-কর | ঐ | ঐ |
| [১.৮] পোস্ট ক্লিয়ারেন্স অডিট (কাস্টমস) | অডিটকৃত মামলার সংখ্যা | ঐ | ঐ |
| [২.১] মুজিববর্ষ উপলক্ষ্যে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের সম্প্রসারণ ও কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণ | বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের অধিদপ্তর (সিসিআইএন্ডই), বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা), বিস্ফোরক অধিদপ্তর এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক) এর টার্মিনাল অপারেটিং সিস্টেম বা টিওএস এর সাথে আন্ত:সংযোগ স্থাপন এবং সেবাগ্রহীতাদের বিল অব এন্ট্রি এর স্ট্যাটাস সম্পর্কে তাৎক্ষণিকভাবে অবহিতকরণের জন্য SMS প্রদান এবং ASYCUDA এর নিরাপত্তা বলয় সুদৃঢ় করার জন্য OTP (One Time Password) ব্যবস্থা চালু | ঐ | ঐ |
| [২.২] সেবা সহজীকরণ | Simplified electronic bill of entry form for courier consignment and expedite shipment & e-EGM (Export General Manifest) | ঐ | ঐ |
| [২.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | সেবা গ্রহণকারীর সংখ্যা: কাস্টমস | ঐ | ঐ |
| [২.৪] ই-পেমেন্ট পদ্ধতি | রাজস্ব আদায়ঃ কাস্টমস ডিউটি | ঐ | ঐ |
| [২.৫] করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথষ্ক্রিয়া/ যোগাযোগ স্থাপন। | অনুষ্ঠিত সভা/ যোগাযোগ/ অনলাইন প্রশিক্ষণ: কাস্টমস | ঐ | ঐ |
| [২.৬] প্রশিক্ষণ ও লার্নিং সেশন পরিচালনার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন | লার্নিং সেশন | ঐ | ঐ |
| [২.৭] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান (দেশে-বিদেশে); | প্রশিক্ষণ প্রদান: কাস্টমস | ঐ | ঐ |

## সংযোজনী-৫:
## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩

মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম: কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম